ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)
স্বেচ্ছাসেবক নির্দেশিকা ২০২১

ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

অবতরণিকা।-

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাতে গড়া সিপিপির গোড়াপত্তন হয় ১৯৭০ সালের ভয়াবহ ঘূর্ণিঝড়ের প্রেক্ষাপটে। তদানীন্তন সরকারের অবহেলা ও অদক্ষতার কারণে সে ঘূর্ণিঝড়ে ১০ লক্ষেরও অধিক মানুষের প্রাণহানীসহ সম্পদের ব্যাপক ক্ষতি হয়। বাঙালির মুক্তির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ নির্বাচনী কাজে ব্যস্ত বঙ্গবন্ধু সেই মুহূর্তে কালবিলম্ব না করে সীমিত সম্পদ ও অগাধ ভালবাসা নিয়ে দুর্গত মানুষের পাশে এসে দাঁড়ান। সে সময়ে বাংলার জনগণকে দুর্যোগ সম্পর্কে প্রস্তুত করার জন্য একটি পরিকল্পিত কর্মসূচির প্রয়োজনীয়তা তিনি গভীরভাবে অনুভব করেছিলেন।

সে সময় লীগ অব রেড ক্রস এন্ড রেড ক্রিসেন্ট সোসাইটির উদ্যোগে ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির প্রাথমিক কাঠামো তৈরি হয়। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৩ সালে এ কার্যক্রমের সক্ষমতা বৃদ্ধির জন্য সরকারি কোষাগার থেকে স্থায়ী অর্থায়ন নিশ্চিত করে সরকারি কর্মসূচি হিসেবে সিপিপিকে একটি দৃঢ় প্রাতিষ্ঠানিক কাঠামোতে রূপ দেন।

বিদ্যমান সিপিপি স্বেচ্ছাসেবক উপবিধি ১৯৯৭ সালে অনুমোদিত হয়, যা ১ জুলাই ১৯৯৮ সাল থেকে কার্যকর। বর্তমানে স্বেচ্ছাসেবক সংখ্যা, কর্ম এলাকা ও কর্মপরিধি বৃদ্ধি এবং স্বেচ্ছাসেবক কাঠামো পরিবর্তনের কারণে বিদ্যমান সিপিপি স্বেচ্ছাসেবক উপবিধি সময়োপযোগী করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে।

দুর্যোগ ব্যবস্থাপনা আইন ২০১২, দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলি, দুর্যোগ বিষয়ক অন্যান্য নীতিমালা ও নির্দেশিকা এবং বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির আদর্শ ও মূলনীতির আলোকে ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি) স্বেচ্ছাসেবক নির্দেশিকা প্রণীত হলো। এই নির্দেশিকাটি চূড়ান্তভাবে অনুমোদনের পর বিদ্যমান উপবিধিটি বাতিল বলে গণ্য হবে।

১। শিরোনাম ও প্রবর্তন।- (১) এ নির্দেশিকাটি ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি) স্বেচ্ছাসেবক নির্দেশিকা ২০২১ নামে অভিহিত হবে।

(২) এটি অবিলম্বে কার্যকর হবে।

২। সংজ্ঞা।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকলে, এ নির্দেশিকায়-

(১) ‘অনুচ্ছেদ’ বলতে এ স্বেচ্ছাসেবক নির্দেশিকার অনুচ্ছেদকে বোঝাবে;

(২) ‘ইউনিট টিম লিডার’ বলতে সিপিপির কর্ম এলাকাভুক্ত উপজেলায় নির্বাচিত ইউনিট সদস্যদের দ্বারা নির্বাচিত টিম লিডারকে বোঝাবে;

(৩) ‘ইউনিয়ন টিম লিডার’ বলতে সিপিপির কর্ম এলাকাভুক্ত উপজেলায় ইউনিয়নভিত্তিক নির্বাচিত টিম লিডারকে বোঝাবে;

(৪) ‘উপ-অনুচ্ছেদ’ বলতে এ স্বেচ্ছাসেবক নির্দেশিকার অনুচ্ছেদের অন্তর্গত উপ-অনুচ্ছেদকে বোঝাবে;

(৫) ‘উপজেলা টিম লিডার’ বলতে সিপিপির কর্ম এলাকাভুক্ত উপজেলায় নির্বাচিত টিম লিডারকে বোঝাবে;

(৬) ‘স্বেচ্ছাসেবক’ বলতে সিপিপি স্বেচ্ছাসেবককে বোঝাবে;

(৭) ‘কমিটি’ বলতে স্বেচ্ছাসেবকদের দ্বারা নির্বাচিত ইউনিট, পৌর/ইউনিয়ন, সিটি/শহর, উপজেলা ভিত্তিক সাংগঠনিক কমিটিকে বোঝাবে;

(৮) ‘নির্বাচন’ বলতে নির্দেশিকায় বর্ণিত বিভিন্ন কাঠামোর সিপিপি টিম লিডারদের নেতৃত্ব নির্বাচনকে বোঝাবে;

(৯) ‘নির্দেশিকা’ বলতে ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি) এর স্বেচ্ছাসেবক নির্দেশিকাকে বোঝাবে;

(১০) ‘নীতিমালা’ বলতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক নীতিমালাকে বোঝাবে;

(১১) ‘মেয়াদ’ বলতে নির্দেশিকাতে উল্লিখিত সময়সীমাকে বোঝাবে;

(১২) ‘শপথ’ বলতে স্বেচ্ছাসেবকের শপথকে বোঝাবে;

(১৩) ‘যোগ্যতা’ বলতে স্বেচ্ছাসেবকের অন্তর্ভুক্তির যোগ্যতাকে বোঝাবে;

(১৪) ‘সভা’ বলতে স্বেচ্ছাসেবক কাঠামোর বিভিন্ন স্তরে অনুষ্ঠিত সভাকে বোঝাবে;

(১৫) ‘সংগঠন’ বলতে ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি) কে বোঝাবে;

(১৬) ‘সাংগঠনিক কাঠামো’ বলতে ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির স্বেচ্ছাসেবক দ্বারা গঠিত ইউনিট, পৌর/ইউনিয়ন, সিটি/শহর ও উপজেলাভিত্তিক স্বেচ্ছাসেবক সাংগঠনিক কাঠামোকে বোঝাবে;

(১৭) ‘সিপিপি (CPP-Cyclone Preparedness Programme)’ বলতে ‘ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি’ কে বোঝাবে;

(১৮) ‘SOD (Standing Orders on Disaster)’ বলতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলি বোঝাবে।

৩। স্বেচ্ছাসেবক অন্তর্ভুক্তিকরণ: যোগ্যতা ও উপযুক্ততা।-

ক) সম্পূর্ণ বিনা পারিশ্রমিকে স্বেচ্ছায় দুর্যোগ পরিস্থিতিতে কাজ করার মানসিকতা থাকতে হবে;

খ) কোনো ব্যক্তিকে স্বেচ্ছাসেবক হতে হলে অবশ্যই স্ব-স্ব ইউনিট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে;

গ) স্বেচ্ছাসেবক হিসেবে অন্তর্ভুক্তিকালে বয়স সীমা ১৮ (আঠারো) হতে ৩৫ (পয়ঁত্রিশ) বৎসরের মধ্যে হতে হবে। বয়সের প্রমাণপত্র হিসেবে জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্র দাখিল করতে হবে;

ঘ) ন্যূনতম ৮ম শ্রেণী/সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে;

ঙ) অন্তর্ভুক্তিকালীন বাছাই পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। পরীক্ষার ফলাফল অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে প্রয়োজনীয় সংখ্যক স্বেচ্ছাসেবক অর্ন্তভুক্ত করা হবে;

চ) সবল, সুস্থ, স্বাস্থ্যবান ও কর্মঠ হতে হবে;

ছ) সেবামূলক কাজে আগ্রহী হতে হবে;

জ) নিজ কর্তব্যের প্রতি অনুগত ও দায়িত্বশীল হতে হবে;

ঝ) স্বেচ্ছায় সেবামূলক কাজ করার জন্য পর্যাপ্ত সময়, সুযোগ ও মানসিকতা থাকতে হবে;

ঞ) সামাজিক অপরাধ ও ফৌজদারি মামলায় অভিযোগমুক্ত হতে হবে;

ট) মাদকাসক্ত হওয়া যাবে না;

ঠ) স্থানীয় জনসাধারণের নিকট গ্রহণযোগ্যতা থাকতে হবে;

ড) সরকারি, বেসরকারি অথবা কোনো প্রতিষ্ঠানের ঘন ঘন বদলীযোগ্য চাকুরিজীবী হতে পারবেন না;

ঢ) বলিষ্ঠ ও স্পষ্ট কন্ঠস্বরের অধিকারী হতে হবে;

ণ) দুর্যোগ ব্যবস্থাপনা আইন ২০১২, দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলি, দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক অন্যান্য নীতিমালা ও নির্দেশিকা এবং বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির ৭টি মূলনীতি- মানবতা, পক্ষপাতহীনতা, নিরপেক্ষতা, স্বাধীনতা, স্বেচ্ছামূলক সেবা, একতা ও সার্বজনীনতা এর প্রতি আস্থাভাজন ও শ্রদ্ধাশীল হতে হবে;

ত) স্বেচ্ছাসেবক হিসেবে অন্তর্ভুক্তি ফি বাবদ ১০০/-(একশত) টাকা বা সময়ে সময়ে নির্ধারিত ফি এককালীন প্রদান করতে হবে। উক্ত অর্থ সিপিপি উন্নয়ন তহবিলের সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা করা থাকবে;

থ) স্বেচ্ছাসেবক হিসেবে প্রাথমিক নিয়োগের পর উপযুক্ততা যাচাইয়ের জন্য ৩ (তিন) মাস শিক্ষানবিশ থাকতে হবে এবং উক্ত সময়ে তার সম্পাদিত কার্যক্রমের ভিত্তিতে উপযুক্ততা কর্তৃপক্ষ কর্তৃক বিবেচিত হলে তাকে স্বেচ্ছাসেবক হিসেবে নিয়মিত করা হবে।

৪। স্বেচ্ছাসেবক অন্তর্ভুক্তকরণ পদ্ধতি।-

ক) সিপিপির আওতাভুক্ত নতুন উপজেলা/নতুন চরাঞ্চলের ক্ষেত্রে স্বেচ্ছাসেবক অন্তর্ভুক্তিকরণে সিপিপির আঞ্চলিক কর্মকর্তার নেতৃত্বে দায়িত্বপ্রাপ্ত উপজেলা কর্মকর্তা এবং পরিচালক (প্রশাসন) কর্তৃক মনোনীত একজন কর্মকর্তার সমন্বয়ে ৩ (তিন) সদস্য বিশিষ্ট বাছাই কমিটি গঠিত হবে।

খ) সিপিপির আওতাভুক্ত নতুন উপজেলা/নতুন চরাঞ্চলের ক্ষেত্রে স্বেচ্ছাসেবক অন্তর্ভুক্তিকরণের জন্য বিজ্ঞপ্তি জারি ও প্রচার প্রচারণাপূর্বক স্থানীয় কর্মকর্তা জনসাধারণের মধ্য হতে দরখাস্ত আহ্বান করবেন। বাছাই কমিটি প্রাপ্ত দরখাস্ত বাছাই করে প্রতি ইউনিটে ১০ (দশ) জন পুরুষ ও ১০ (দশ) জন নারীসহ মোট ২০ (বিশ) জন স্বেচ্ছাসেবক অন্তর্ভুক্ত করবে। প্রয়োজনবোধে বাছাই কমিটি বিভিন্ন ইউনিয়ন/ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্য এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সহযোগিতা গ্রহণ করতে পারবে।

গ) নতুন উপজেলা/নতুন চরাঞ্চলে স্বেচ্ছাসেবক অন্তর্ভুক্তির ক্ষেত্রে স্বেচ্ছাসেবক অন্তর্ভুক্তির পর বাছাই কমিটি প্রয়োজনীয় ইউনিট, পৌর/ইউনিয়ন, সিটি/শহর ও উপজেলা কমিটি গঠন করবে এবং সিপিপির প্রধান কার্যালয়ের অনুমোদন গ্রহণ করবে।

ঘ) সিপিপির বিদ্যমান এলাকায় ইউনিট কমিটি পুনর্গঠন করতে হলে পুরাতন ইউনিটের শূন্য পদে স্বেচ্ছাসেবক অন্তর্ভুক্তির জন্য কর্মকর্তার উপস্থিতিতে নতুন সদস্য অন্তর্ভুক্ত করতে হবে। উক্ত অন্তর্ভুক্তির বিষয়টি ইউনিয়ন ও উপজেলা কমিটির সভায় অনুমোদিত হতে হবে। ইউনিটে নতুন সদস্য অন্তর্ভুক্তির বিষয়টি আঞ্চলিক এবং প্রধান কার্যালয়কে অবহিত করতে হবে। ইউনিয়ন কমিটি পুনর্গঠনের ক্ষেত্রে উপজেলা কার্যালয়ের প্রস্তাব মোতাবেক সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় অনুমোদন করবে এবং প্রধান কার্যালয়কে অবহিত করবে। তবে উপজেলা কমিটি পুনর্গঠনের ক্ষেত্রে উপজেলা কর্মকর্তার প্রস্তাব সংশ্লিষ্ট আঞ্চলিক কর্মকর্তার সুপারিশসহ প্রধান কার্যালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে। প্রধান কার্যালয়ের অনুমোদন সাপেক্ষে উপজেলা কমিটি পুনর্গঠন করতে হবে এবং উপজেলা কমিটি পুনর্গঠন/নির্বাচনের সময় প্রধান কার্যালয়ের মনোনীত প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং পুনর্গঠিত উপজেলা কমিটিকে প্রধান কার্যালয় থেকে চূড়ান্ত অনুমোদন দেয়া হবে।

ঙ) এলাকা ও জনসংখ্যার ভিত্তিতে ইউনিট এলাকার প্রতি গ্রাম হতে যথাসম্ভব সমহারে স্বেচ্ছাসেবক অন্তর্ভুক্ত করতে হবে।

চ) একই পরিবার হতে একাধিক ব্যক্তি স্বেচ্ছাসেবক হতে পারবেন না।

৫। সংগঠন।-

ক) **ইউনিট পর্যায়:** ইউনিটের আয়তন ১.৫ (দেড়)) থেকে ২.৫ (আড়াই) বর্গ কিলোমিটার হতে হবে। জনসংখ্যা কমপক্ষে ২ হাজার হতে ৪ হাজারের মধ্যে হতে হবে। তবে নতুন বসতিপূর্ণ চরাঞ্চলে এটি শিথিলযোগ্য। প্রতি ইউনিটের জন্য ১০ (দশ) জন পুরুষ ও ১০ (দশ) জন নারী স্বেচ্ছাসেবক থাকবে। বাছাই কমিটি সরেজমিন জরিপের ভিত্তিতে ইউনিট ম্যাপ প্রণয়ন করতঃ ইউনিট সীমানা ও চৌহদ্দি নির্ধারণ করবে।

সাধারণ স্বেচ্ছাসেবকদের সমর্থনে/ভোটে একজন ইউনিট টিম লিডার ও দুইজন ডেপুটি ইউনিট টিম লিডার নির্বাচিত হবেন। দুইজন ডেপুটি ইউনিট টিম লিডারের মধ্যে একজন হবেন নারী স্বেচ্ছাসেবক। নির্বাচিত ইউনিট টিম লিডার ঘূর্ণিঝড় প্রস্তুতিমূলক কর্মকান্ড বাস্তবায়ন করবেন এবং তিনি ইউনিট পর্যায়ে এ্যাকশন প্ল্যান অনুযায়ী দায়-দায়িত্ব পালন করবেন। তিনি স্বেচ্ছাসেবকদের কাজের তদারকি করবেন। ইউনিট টিম লিডার পুরুষ হলে তার অবর্তমানে নারী ডেপুটি টিম লিডার ইউনিটের নেতৃত্বে থাকবেন, ইউনিট টিম লিডার নারী হলে তার অবর্তমানে জ্যেষ্ঠ ডেপুটি টিম লিডার নেতৃত্ব গ্রহণ করবেন।

স্বেচ্ছাসেবক বাছাই কমিটি যোগ্যতার ভিত্তিতে স্বেচ্ছাসেবকদের পদ বন্টন করবেন। প্রতিটি টিমের ২০ জন স্বেচ্ছাসেবককে ৫ (পাঁচ) টি ভাগে বিভক্ত করে ৪ (চার) সদস্য বিশিষ্ট ১ (এক) টি করে গ্রুপ গঠন করা হবে যথা- সংকেত, আশ্রয়, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও মানবিক সহায়তা গ্রুপ। প্রতিটি গ্রুপে ২ (দুই) জন পুরুষ ও ২ (দুই) জন নারী স্বেচ্ছাসেবক অন্তর্ভুক্ত হবেন।

খ) **ইউনিয়ন পর্যায়:** সিপিপির আওতাভুক্ত এলাকায় সরকারিভাবে স্বীকৃত ইউনিয়নসমূহ কর্মসূচির ইউনিয়ন হিসেবে গণ্য হবে। একটি ইউনিয়নে কমপক্ষে ৩ (তিন) টি ইউনিট না হলে ইউনিয়ন কমিটি গঠন করা হবে না। বিচ্ছিন্ন চরাঞ্চলকে সাংগঠনিক প্রয়োজনে ইউনিয়নের মর্যাদা প্রদান করতে হলে কর্মসূচির উপজেলা কমিটির সিদ্ধান্ত, আঞ্চলিক কর্মকর্তার সুপারিশসহ প্রধান কার্যালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে। অনুমোদিত না হওয়া পর্যন্ত পার্শ্ববর্তী ইউনিয়নের সাথে সংযুক্ত থাকবে।

ইউনিয়ন পর্যায়ে ১ (এক) জন ইউনিয়ন টিম লিডার ও ২ (দুই) জন ডেপুটি ইউনিয়ন টিম লিডার থাকবেন। দুইজন ডেপুটি টিম লিডারের মধ্যে একজন নারী স্বেচ্ছাসেবক থাকবেন। ইউনিট টিম লিডারদের মধ্য হতে ইউনিয়নের সকল ইউনিট টিম লিডারদের সমর্থনে/ভোটে একজন ইউনিয়ন টিম লিডার নির্বাচিত হবেন। সকল ডেপুটি ইউনিট টিম লিডারগণের মধ্য হতে একইভাবে দুইজন ডেপুটি ইউনিয়ন টিম লিডার নির্বাচিত হবেন। ইউনিয়ন টিম লিডার পুরুষ হলে তার অবর্তমানে নারী ডেপুটি টিম লিডার ইউনিয়নের নেতৃত্বে থাকবেন, ইউনিয়ন টিম লিডার নারী হলে তার অবর্তমানে জ্যেষ্ঠ ডেপুটি টিম লিডার নেতৃত্ব গ্রহণ করবেন। ইউনিয়নের আওতাধীন সকল ইউনিটের কার্যক্রম ইউনিয়ন টিম লিডার তদারকি করবেন। ইউনিয়নের অন্তর্গত সকল ভিএইচএফ অপারেটরগণ ঐ ইউনিয়ন কমিটির সভায় পর্যবেক্ষণকারী সদস্য হিসেবে উপস্থিত থাকবেন।

গ) **পৌরসভা পর্যায়:** পৌরসভা পর্যায়ে ১ (এক) জন পৌর টিম লিডার এবং ২ (দুই) জন ডেপুটি পৌর টিম লিডার থাকবেন। দুইজন ডেপুটি পৌর টিম লিডারের মধ্যে একজন হবেন নারী স্বেচ্ছাসেবক। পৌর ইউনিট টিম লিডারদের মধ্য হতে সকল ইউনিট টিম লিডারদের সমর্থনে/ভোটে একজন পৌর টিম লিডার নির্বাচিত হবেন। সকল ডেপুটি ইউনিট টিম লিডারগণের মধ্য হতে একইভাবে দুইজন ডেপুটি পৌর টিম লিডার নির্বাচিত হবেন। পৌর টিম লিডার ইউনিয়ন টিম লিডারের মত উপজেলা কমিটির সদস্য হিসেবে বিবেচিত হবেন। পৌরসভায় ন্যূনতম ৩ (তিন) টি পৌর ইউনিট না থাকলে পৌর টিম লিডার নির্বাচনের প্রয়োজন নেই। পৌর ইউনিটের স্বেচ্ছাসেবকগণ উপজেলা কর্মকর্তার সঙ্গে সার্বিক যোগাযোগ রেখে কর্মসূচির পৌর ইউনিটের কার্যক্রম বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করবেন। পৌর টিম লিডার পুরুষ হলে তার অবর্তমানে নারী ডেপুটি টিম লিডার পৌরসভার নেতৃত্বে থাকবেন, পৌর টিম লিডার নারী হলে তার অবর্তমানে জ্যেষ্ঠ ডেপুটি টিম লিডার নেতৃত্ব গ্রহণ করবেন।

ঘ) **উপজেলা পর্যায়:** উপজেলা পর্যায়ে একটি উপজেলা কমিটি থাকবে। উপজেলার আওতাধীন সকল ইউনিয়ন টিম লিডার ও পৌর টিম লিডার (যদি থাকে) সমন্বয়ে কর্মসূচির উপজেলা পর্যায়ের কার্যক্রম পরিচালিত হবে। উপজেলা পর্যায়ে ১ (এক) জন উপজেলা টিম লিডার ও ২ (দুই) জন ডেপুটি উপজেলা টিম লিডার থাকবেন। দুইজন ডেপুটি টিম লিডারের মধ্যে একজন নারী স্বেচ্ছাসেবক থাকবেন। উপজেলার আওতাধীন সকল ইউনিয়ন টিম লিডার ও পৌর টিম লিডার উপজেলা টিম লিডার ও ডেপুটি উপজেলা টিম লিডারদ্বয়কে সহযোগিতা করবেন।

ইউনিয়ন টিম লিডার ও পৌর টিম লিডারগণ উপজেলা টিম লিডার পদে নির্বাচন করতে পারবেন। ইউনিয়ন ডেপুটি টিম লিডার ও পৌর ডেপুটি টিম লিডারগণ ডেপুটি উপজেলা টিম লিডার পদে নির্বাচন করতে পারবেন। উপজেলা পর্যায়ের সকল ইউনিট টিম লিডারদের ভোটে উপজেলা টিম লিডার নির্বাচিত হবেন ও ডেপুটি ইউনিট টিম লিডারদের ভোটে ডেপুটি উপজেলা টিম লিডারদ্বয় নির্বাচিত হবেন। উপজেলা টিম লিডার পুরুষ হলে তার অবর্তমানে নারী ডেপুটি টিম লিডার উপজেলার নেতৃত্বে থাকবেন, উপজেলা টিম লিডার নারী হলে তার অবর্তমানে জ্যেষ্ঠ ডেপুটি টিম লিডার নেতৃত্ব গ্রহণ করবেন।

ঙ) **সিটি কর্পোরেশন/জেলা শহর পর্যায়:** সিটি কর্পোরেশন/জেলা শহর পর্যায়ে গঠিত সিটি কর্পোরেশন/জেলা শহর ইউনিটের সমর্থনে/ভোটে একজন সিটি কর্পোরেশন/জেলা শহর টিম লিডার এবং ২ জন ডেপুটি টিম লিডার নির্বাচিত হবেন। দুইজন ডেপুটি টিম লিডারের মধ্যে একজন নারী স্বেচ্ছাসেবক থাকবেন। সিটি কর্পোরেশন/জেলা শহর টিম লিডার আঞ্চলিক কার্যালয়ের সঙ্গে সরাসরি সম্পৃক্ত থেকে কর্মসূচির কার্যক্রম বাস্তবায়ন করবেন। কমপক্ষে ৩ (তিন) টি সিটি কর্পোরেশন/জেলা শহর ইউনিট না থাকলে সিটি কর্পোরেশন/জেলা শহর টিম লিডার নির্বাচনের প্রয়োজন নেই। সিটি কর্পোরেশন/জেলা শহর ইউনিটের স্বেচ্ছাসেবকগণ আঞ্চলিক কর্মকর্তা/উপজেলা কর্মকর্তার সঙ্গে সার্বিক যোগাযোগ রেখে কর্মসূচির সিটি কর্পোরেশন/জেলা শহর ইউনিটের কার্যক্রম বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করবেন। সিটি কর্পোরেশন/জেলা শহর টিম লিডার পুরুষ হলে তার অবর্তমানে নারী ডেপুটি

টিম লিডার সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/জেলা শহরের নেতৃত্বে থাকবেন, সিটি কর্পোরেশন/জেলা শহর টিম লিডার নারী হলে তার অবর্তমানে জ্যেষ্ঠ ডেপুটি টিম লিডার নেতৃত্ব গ্রহণ করবেন। সিটি কর্পোরেশন/জেলা শহরের আওতাধীন সকল ইউনিটের কার্যক্রম সিটি কর্পোরেশন/জেলা শহর টিম লিডার তদারকি করবেন। সিটি/জেলা শহর সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয় অথবা প্রধান কার্যালয়ের অধীন সরাসরি পরিচালিত হবে। তাদের গঠন, নির্বাচন প্রক্রিয়া, দায়িত্ব ও কর্তব্য উপজেলা কমিটির ন্যায় হবে।

চ) **অন্যান্য নগর/মহানগর স্বেচ্ছাসেবক:** ঘূর্ণিঝড়ের পাশাপাশি অন্যান্য দুর্যোগে কাজ করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে অধিভুক্ত এলাকা ছাড়াও অন্যান্য নগর/মহানগরে সেবা প্রদানের লক্ষ্যে সিপিপির অধীনে নগর স্বেচ্ছাসেবক দল গঠন করা যাবে। তাদের গঠন, নির্বাচন প্রক্রিয়া, দায়িত্ব/কর্তব্য উপজেলা কমিটির ন্যায় হবে।

ছ) **সাংস্কৃতিক ইউনিট :** পালাগান, জারিগান, নাটক ইত্যাদির মাধ্যমে দুর্যোগ ও দুর্যোগ ব্যবস্থাপনার তথ্য জনগণের কাছে বোধগম্যভাবে প্রচার ও সচেতনতা সৃষ্টির জন্য এলাকাভিত্তিক সাংস্কৃতিক ইউনিট গঠন করা যাবে। এই ইউনিটসমূহের জন্য পৃথক গঠন ও পরিচালনা পদ্ধতি নিরূপণ করা যাবে।

জ) **বিশেষ সক্ষমতাসম্পন্ন ইউনিট:** এছাড়া প্রয়োজনে সময়ে সময়ে বিশেষ সক্ষমতাসম্পন্ন ইউনিট গঠন করা যাবে। এই ইউনিটসমূহের জন্য পৃথক গঠন ও পরিচালনা পদ্ধতি নিরূপণ করা যাবে।

ঝ) **নারীর ক্ষমতায়ন:** দুর্যোগ ব্যবস্থাপনায় নারীর ক্ষমতায়নের অংশ হিসেবে সকল পর্যায়ে নারী নেতৃত্ব উৎসাহিত করতে হবে।

৬। কমিটি।-

ক) **ইউনিট কমিটি**: ইউনিট (গ্রাম) পর্যায়ে একটি ইউনিট কমিটি থাকবে, সকল স্বেচ্ছাসেবক কমিটির সদস্য হবেন। পদাধিকার বলে ইউনিট টিম লিডার উক্ত কমিটির সভাপতি থাকবেন।

খ) **পৌর/ইউনিয়ন কমিটি:** পৌর/ইউনিয়ন পর্যায়ে একটি কমিটি থাকবে। পৌর/ইউনিয়নের সকল ইউনিট টিম লিডার পৌর/ইউনিয়ন কমিটির সদস্য হবেন। পদাধিকার বলে পৌর/ইউনিয়ন টিম লিডার কমিটির সভাপতি হবেন। তারা পৌর/ইউনিয়নের সার্বিক প্রস্তুতিমূলক কর্মকাণ্ড বাস্তবায়নের জন্য দায়বদ্ধ থাকবেন।

গ) **উপজেলা কমিটি:** উপজেলা পর্যায়ে একটি উপজেলা কমিটি থাকবে। উপজেলার সকল ইউনিয়ন টিম লিডার ও পৌর টিম লিডার এবং উপজেলা কর্মকর্তা সমন্বয়ে উপজেলা কমিটি গঠিত হবে। সিপিপির উপজেলা কর্মকর্তা উপজেলা কমিটির সভাপতি হবেন। উপজেলা কমিটির সদস্যবৃন্দ যাবতীয় দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক প্রস্তুতিমূলক কর্মকাণ্ড বাস্তবায়নের দায়িত্বে থাকবেন।

ঘ) **সিটি কর্পোরেশন/জেলা শহর :** সিপিপির আওতাধীন সিটি কর্পোরেশন/জেলা শহরের অর্ন্তগত ইউনিট টিম লিডারদের নিয়ে সিটি কর্পোরেশন/জেলা শহর কমিটি গঠিত হবে। আঞ্চলিক কর্মকর্তা/উপপরিচালক (প্রশাসন) গঠিত কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন। পদাধিকার বলে সিটি কর্পোরেশন/জেলা শহর লিডারগণ উক্ত কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হবেন। তারা সিটি কর্পোরেশন/জেলা শহরের সার্বিক প্রস্তুতিমূলক কর্মকান্ড বাস্তবায়নের জন্য আঞ্চলিক/প্রধান কার্যালয়কে সার্বিক সহযোগিতা করবেন।

ঙ) আঞ্চলিক কমিটি: সিপিপির আঞ্চলিক পর্যায়ে একটি আঞ্চলিক কমিটি থাকবে। আঞ্চলিক কার্যালয়ের অধীন সকল উপজেলা কর্মকর্তা, উপজেলা টিম লিডার এবং সিটি/জেলা শহর টিম লিডার (যদি থাকে) তাদের সমন্বয়ে এ কমিটি গঠিত হবে। আঞ্চলিক কর্মকর্তা উক্ত কমিটির সভাপতি হবেন।

৭। সভা আহ্বান ও কোরাম।-

ক) **নিয়মিত সভা:** ইউনিট, পৌর/ইউনিয়ন, উপজেলা, সিটি/জেলা শহর পর্যায়ে সংশ্লিষ্ট কমিটির সদস্যদের নিয়ে সাংগঠনিক, প্রশাসনিক ও প্রস্তুতিমূলক বিষয়ে প্রতি ৩ (তিন) মাস অন্তর নিয়মিত সভা অনুষ্ঠিত হবে। ইউনিট, পৌর/ইউনিয়ন, সিটি/জেলা কমিটির সভা কমপক্ষে ৩ (তিন) দিন পূর্বে এবং উপজেলা কমিটির সভা কমপক্ষে

৫ (পাঁচ) দিন পূর্বে লিখিত নোটিশ/মোবাইল ম্যাসেজের মাধ্যমে আহ্বান করতে হবে। সংখ্যাগরিষ্ঠ সদস্যের উপস্থিতিতে নিয়মিত সভা পরিচালনা করা যাবে।

নিয়মিত সভায় ইউনিট, পৌর/ইউনিয়নের ক্ষেত্রে যথাক্রমে ইউনিট টিম লিডার, পৌর/ইউনিয়ন টিম লিডার; উপজেলার ক্ষেত্রে উপজেলা কর্মকর্তা; সিটি/জেলা শহরের ক্ষেত্রে সংশ্লিষ্ট আঞ্চলিক কর্মকর্তা/উপপরিচালক (প্রশাসন) এবং আঞ্চলিক কমিটির ক্ষেত্রে সংশ্লিষ্ট আঞ্চলিক কর্মকর্তা সভাপতিত্ব করবেন।

খ) **বিশেষ ও জরুরি সভা:** সংগঠনের প্রয়োজনে যে কোনো সময়ে উল্লিখিত সকল কমিটির বিশেষ ও জরুরি সভা আহ্বান করা যাবে। এ ধরণের সভা যে কোনো সময়ে মৌখিক, মোবাইল ম্যাসেজ অথবা লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে আহ্বান করা যাবে। ন্যূনতম এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে বিশেষ ও জরুরি সভা পরিচালনা করা যাবে।

গ) **বার্ষিক সাধারণ সভা:** উপজেলা বার্ষিক সাধারণ সভা প্রতি বছর অনুষ্ঠিত হবে। বাৎসরিক কর্মকান্ড, সাজ-সরঞ্জামের অবস্থা পর্যবেক্ষণ, প্রস্তুতিমূলক কার্যক্রমের পর্যালোচনা, সুপারিশমালা, নির্বাচন (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদির আলোকে প্রতি বছর উপজেলার সকল ইউনিট টিম লিডারদের সমন্বয়ে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে। উপজেলা টিম লিডার সভায় সভাপতিত্ব করবেন। সভা অনুষ্ঠানের কমপক্ষে ১৫ (পনেরো) দিন পূর্বে এই সভার লিখিত নোটিশ জারি করতে হবে।

ঘ) **নির্বাচনী সভা:** সংগঠনের বিভিন্ন স্তরে স্বেচ্ছাসেবক নেতৃত্বের নির্বাচন অনুষ্ঠানের ক্ষেত্রে কমপক্ষে ১৫ (পনেরো) দিন পূর্বে সংশ্লিষ্ট স্বেচ্ছাসেবকদের বিজ্ঞপ্তি/নোটিশ প্রদানের মাধ্যমে অবহিত করতে হবে। বিজ্ঞপ্তি/নোটিশ সিপিপির বিভিন্ন স্তরের অফিসের নোটিশ বোর্ডে প্রচারের ব্যবস্থা করতে হবে। এ ক্ষেত্রে ই-মেইল, মোবাইল ম্যাসেজ ও ম্যাসেঞ্জার গ্রুপের সহযোগিতা গ্রহণ করা যেতে পারে। ন্যূনতম দুই-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে নির্বাচনী সভা পরিচালনা করা যাবে।

৮। স্বেচ্ছাসেবক নেতৃত্ব নির্বাচন।-

ক) **নির্বাচনে ভোটার :** সিপিপির ইউনিট পর্যায়ের নির্বাচনে সাধারণ স্বেচ্ছাসেবকগণের প্রত্যক্ষ ভোটে ইউনিট ১ (এক) জন টিম লিডার এবং ২ (দুই) জন ডেপুটি ইউনিট টিম লিডার (১ জন পুরুষ ও ১ জন নারী) নির্বাচিত হবেন। সিপিপির ইউনিয়ন পর্যায়ে সকল ইউনিট টিম লিডার ও ডেপুটি ইউনিট টিম লিডারদের প্রত্যক্ষ ভোটে যথাক্রমে ইউনিয়ন টিম লিডার ও ডেপুটি ইউনিয়ন টিম লিডার (১ জন পুরুষ ও ১ জন নারী) নির্বাচিত হবেন। সকল ইউনিট টিম লিডার ও ডেপুটি ইউনিট টিম লিডারদের প্রত্যক্ষ ভোটে যথাক্রমে উপজেলা টিম লিডার ও ডেপুটি উপজেলা টিম লিডার (১ জন পুরুষ ও ১ জন নারী) নির্বাচিত হবেন।

খ) **নির্বাচনে প্রার্থী:**

১) পৌর/ইউনিয়ন টিম লিডার পদে নির্বাচনে সংশ্লিষ্ট সকল ইউনিট টিম লিডারগণ এবং ডেপুটি পৌর/ইউনিয়ন টিম লিডার পদে নির্বাচনে সংশ্লিষ্ট সকল ডেপুটি ইউনিট টিম লিডারগণ প্রার্থী হতে পারবেন।

২) উপজেলা টিম লিডার পদে নির্বাচনে সকল পৌর/ইউনিয়ন টিম লিডার এবং ডেপুটি উপজেলা টিম লিডার পদে নির্বাচনে সকল পৌর/ইউনিয়ন ডেপুটি টিম লিডার প্রার্থী হতে পারবেন।

৩) সিটি/শহর টিম লিডার পদে নির্বাচনে সংশ্লিষ্ট সকল ইউনিট টিম লিডারগণ এবং ডেপুটি সিটি/শহর টিম লিডার পদে নির্বাচনে সংশ্লিষ্ট সকল ডেপুটি ইউনিট টিম লিডারগণ প্রার্থী হতে পারবেন।

গ) **উপজেলা টিম লিডার ও ডেপুটি উপজেলা টিম লিডার নির্বাচন পরিচালনা:**

১) আঞ্চলিক কর্মকর্তা, উপজেলা কর্মকর্তা এবং সিপিপি প্রধান কার্যালয়ের একজন প্রতিনিধির সমন্বয়ে নির্বাচন পরিচালনা কমিটি গঠিত হবে।

২) নির্বাচন পরিচালনা কমিটি ভোটার তালিকা প্রণয়ন, প্রকাশ ও নির্বাচনী তফসিল ঘোষণাসহ নির্বাচন কার্যক্রম বাস্তবায়ন করবে।

৩) নির্বাচনে প্রাপ্তভোট সমান হলে লটারির মাধ্যমে নির্বাচনী ফলাফল মীমাংসা করা হবে (সকল নির্বাচনের ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে)।

৯। কমিটিসমূহের দায়িত্ব ও কর্তব্য।-

ক) সিপিপির যাবতীয় প্রস্তুতিমূলক কার্যক্রম বাস্তবায়নের জন্য ইউনিট পর্যায়ে ইউনিট কমিটি, পৌর/ইউনিয়ন পর্যায়ে পৌর/ইউনিয়ন কমিটি, সিটি/শহর পর্যায়ে সিটি/শহর কমিটি ও উপজেলা পর্যায়ে উপজেলা কমিটি দায়িত্ব পালন করবে এবং সংশ্লিষ্ট বিষয়ে সার্বিকভাবে দায়ী থাকবে।

খ) সকল কার্যাবলীর সুষ্ঠু সম্পাদন, উন্নয়নমূলক পরিকল্পনা বাস্তবায়ন, যে কোনো প্রকার জটিলতা নিরসন ইত্যাদি ব্যাপারে ইউনিট, পৌর/ইউনিয়ন, সিটি/শহর ও উপজেলা পর্যায়ে কমিটির সভা আহ্বান করতে হবে। প্রত্যেক কমিটির সভাপতি প্রয়োজন অনুযায়ী সভা আহ্বান করবেন এবং কার্যবিবরণী সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রেরণ করবেন ও রেজিস্টারে সংরক্ষণ করবেন।

গ) ইউনিট টিম লিডারের অনুপস্থিতিতে সংকেত বিভাগের দায়িত্বে নিয়োজিত স্বেচ্ছাসেবক প্রচার ও সংশ্লিষ্ট দায়িত্ব পালন করবেন।

ঘ) ইউনিট কমিটির সিদ্ধান্ত ইউনিয়ন কমিটির সভায় এবং পৌর/ইউনিয়ন কমিটির সিদ্ধান্ত উপজেলা কমিটির সভায় আলোচিত হবে। সিটি/শহর কমিটির সভার সিদ্ধান্ত আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আলোচিত হবে।

ঙ) যে সকল বিষয়ে উপজেলা কমিটি সিদ্ধান্ত গ্রহণে অসমর্থ হবে, চূড়ান্ত সিদ্ধান্তের জন্য সে সকল বিষয়াদি কমিটির মতামত/সুপারিশসহ সংশ্লিষ্ট আঞ্চলিক কর্মকর্তার দপ্তরে প্রেরণ করতে হবে এবং আঞ্চলিক কর্মকর্তার সুপারিশসহ উক্ত কার্যবিবরণী সিপিপি প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

চ) সকল কমিটি দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলিতে বর্ণিত প্রযোজ্য স্তরে দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও সাড়াদান সমন্বয় গ্রুপসমূহের সাথে সমন্বয় করে কাজ করবে।

১০। স্বেচ্ছাসেবকদের দায়িত্ব ও কর্তব্য।-

ক) দুর্যোগকালে মূল দায়িত্ব হিসেবে আগাম সতর্কবার্তা প্রচার, মানুষকে আশ্রয়কেন্দ্রে নিয়ে আসা, সন্ধান ও উদ্ধার, দুর্যোগকালে আহত জনগণকে প্রাথমিক চিকিৎসা প্রদান এবং মানবিক সহায়তা কাজে সহযোগিতা প্রদান করা;

খ) দুর্যোগের অব্যবহিত পরে ধ্বংসাবশেষ অপসারণ, সড়ক যোগাযোগ পুনঃস্থাপন এবং ক্ষয়ক্ষতির তালিকা প্রণয়নে সহায়তা করা;

গ) স্বাভাবিক সময়ে দুর্যোগ প্রস্তুতি মহড়া, অনুশীলন, র‍্যালি ও অন্যান্য সচেতনতামূলক কার্যক্রমে অংশগ্রহণ;

ঘ) সময়ে সময়ে আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়নমূলক কার্যক্রমে অংশগ্রহণ;

ঙ) দুর্যোগ ব্যবস্থাপনা আইন ২০১২, দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলি (SOD), দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক বিভিন্ন নীতিমালা ও নির্দেশিকা, মানবিক মূল্যবোধ এবং বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির মূলনীতিসমূহ যথাযথভাবে মেনে চলা;

চ) কর্মসূচির প্রধান কার্যালয়, আঞ্চলিক কার্যালয় ও উপজেলা কার্যালয় হতে প্রদত্ত নির্দেশাবলি অনুসরণ করা;

ছ) 'সিপিপি স্বেচ্ছাসেবক নির্দেশিকা'য় বর্ণিত নির্ধারিত কার্যক্রম স্ব-স্ব এলাকায় বাস্তবায়ন করা এবং জনসাধারণকে অবহিত করা;

জ) নির্ধারিত দায়িত্ব ও কর্তব্যকে বৃহত্তর জনকল্যাণে রাষ্ট্রীয় এবং নাগরিক দায়িত্ব বলে গণ্য করা;

ঝ) দুর্যোগকালে দায়িত্ব পালনের সময়ে ব্যক্তিগত নিরাপত্তা উপকরণ যথাযথভাবে ব্যবহার করা এবং নিজের জীবনের নিরাপত্তা নিশ্চিত করে দায়িত্ব পালন করা;

ঞ) দুর্যোগে প্রথম সাড়াদানকারী হিসেবে কাজ করার লক্ষ্যে সকল সময়ে মানসিকভাবে প্রস্তুত থাকা;

ট) বিপদগ্রস্ত এলাকায় পৌঁছানোর ক্ষেত্রে 'সবচেয়ে দ্রুত, সবার আগে' নীতি অনুসরণ করা;

ঠ) সম্পদের আগে জীবন রক্ষা- এই নীতি পালন করা;

ড) কর্মসূচি কর্তৃক প্রদত্ত সকল প্রকার যন্ত্রপাতি ও মালামাল যত্নের সাথে ব্যবহার ও সংরক্ষণ করা;

ঢ) কর্মসূচি হতে অব্যাহতি গ্রহণের পর তার নিকট রক্ষিত সকল সাংকেতিক যন্ত্রপাতি ও স্বেচ্ছাসেবক গিয়ার, মটর সাইকেল, বাই সাইকেল ইত্যাদি স্ব- স্ব উপজেলা/জেলা কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট জমাদান করা;

ণ) স্বেচ্ছাসেবকদের নিকট রক্ষিত সাংকেতিক যন্ত্রপাতি, মটর সাইকেল, বাই সাইকেল ইত্যাদি চুরি, হারানো বা ক্ষতিগ্রস্ত হলে অতি দ্রুত স্থানীয় থানায় একটি সাধারণ ডাইরি করতঃ আঞ্চলিক ও উপজেলা কার্যালয়কে অবহিত করা।

১১। স্বেচ্ছাসেবকের কার্যকাল।-

সিপিপির স্বেচ্ছাসেবকগণ অনূর্ধ্ব ৬৫ (পঁয়ষট্টি) বৎসর বয়স পর্যন্ত স্বেচ্ছাসেবক হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। বয়স নির্ধারণের ক্ষেত্রে স্বেচ্ছাসেবকগণকে বয়সের প্রমাণস্বরূপ স্কুল সার্টিফিকেট/জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ দাখিল করতে হবে। তাঁর শারীরিক ও মানসিকভাবে স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করার সামর্থ্য থাকতে হবে।

১২। স্বেচ্ছাসেবক কমিটি ও নেতৃত্বের মেয়াদকাল।-

ক) ইউনিট, পৌর/ইউনিয়ন, উপজেলা, সিটি/শহর টিম লিডার ও ডেপুটি টিম লিডারগণের কার্যকালের মেয়াদ ৩ (তিন) বৎসর হবে। উপজেলা টিম লিডার ও ডেপুটি উপজেলা টিম লিডার পদে পর পর ২ (দুই) মেয়াদের বেশী দায়িত্ব পালন করা যাবে না।

খ) ৩ (তিন) বৎসর কার্যের মেয়াদ শেষ হওয়ার ৯০ (নব্বই) দিনের মধ্যে ইউনিট, পৌর/ইউনিয়ন, সিটি/শহর ও উপজেলা কমিটি পুনর্গঠন/পুনবিন্যাস কার্যক্রমের মাধ্যমে প্রতিটি পদে নবায়ন/নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন না হওয়া পর্যন্ত সকল কমিটি স্ব- স্ব দায়িত্ব পালন অব্যাহত রাখবেন।

গ) সিপিপির পরিচালক (প্রশাসন) যে কোনো সময় ইউনিট, পৌর/ইউনিয়ন, সিটি/জেলা ও উপজেলা কমিটি যৌক্তিক কারণে ভেঙ্গে দেওয়া বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। তিনি বাতিলকৃত ইউনিট অন্যত্র স্থানান্তর করতঃ পুনর্গঠন করতে পারবেন।

১৩। প্রণোদনা।- স্বেচ্ছাসেবকবৃন্দের কাজে আগ্রহ বৃদ্ধি ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে তাঁদেরকে সময়ে সময়ে কৃতিত্বপূর্ণ কাজের মূল্যায়ন ও স্বীকৃতিস্বরূপ আর্থিক প্রণোদনা ও পুরস্কার প্রদান করা হবে। দুর্যোগকালে দায়িত্বরত অবস্থায় কোনো স্বেচ্ছাসেবক আহত/মৃত্যুবরণ করলে তাঁকে/তাঁর পরিবারকে আর্থিক সহায়তা দেওয়া যেতে পারে।

১৪। স্বেচ্ছাসেবক হতে অব্যাহতি ও অপসারণ।-

নিম্নবর্ণিত যে কোনো কারণে তদন্তসাপেক্ষে স্বেচ্ছাসেবককে অব্যাহতি প্রদান/অপসারণ করা যাবে:

ক) যদি স্বেচ্ছায় পদত্যাগ করেন ও পদত্যাগপত্র উপজেলা কর্মকর্তা কর্তৃক গৃহীত হয়;

খ) নোটিশ পাওয়া সত্ত্বেও পর পর ৩ (তিন) টি নিয়মিত সভায় অনুপস্থিত থাকেন;

গ) দুর্যোগ চলাকালীন কোনো অবহেলা অথবা দায়িত্ব পালনে গাফিলতি প্রমাণিত হয়;

ঘ) পর পর ৩ (তিন) টি মূল্যায়নে অকৃতকার্য হন অথবা পর পর তিনটি মূল্যায়নে অংশগ্রহণে অনীহা প্রকাশ করেন অথবা অনুপস্থিত থাকেন;

ঙ) কর্তৃপক্ষের বিনানুমতিতে কোনো স্বেচ্ছাসেবক একাধারে ৯০ (নব্বই) দিনের অধিক নিজ এলাকায় অনুপস্থিত থাকেন;

চ) কর্মসূচির পরিপন্থী ও ভাবমূর্তি ক্ষুণ্ন হয় এমন কাজ করেন;

ছ) ফৌজদারি মামলায় সাজাপ্রাপ্ত হয়ে কারাদন্ড ভোগ করেন;

জ) মাদকাসক্ত বলে প্রমাণিত হন;

ঝ) একই স্বেচ্ছাসেবক একই বিষয়ে কোনো দরখাস্তের পক্ষে বিপক্ষে স্বাক্ষর প্রদান করেন;

ঞ) সংখ্যাগরিষ্ঠ সদস্য যদি কোনো স্বেচ্ছাসেবকের বিরুদ্ধে উপযুক্ত কারণ উল্লেখপূর্বক অনাস্থা প্রদান করেন এবং তা প্রমাণিত হয়;

ট) স্বেচ্ছাসেবক অন্তর্ভুক্তির শর্তাবলি কোনো কারণে ভঙ্গ করেন।

১৫। এই নির্দেশিকার উপর্যুক্ত অনুচ্ছেদ ও উপ-অনুচ্ছেদসমূহের পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন, সংশোধন ও আংশিক কিংবা সম্পূর্ণ বাতিল করার কর্তৃত্ব ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি) বাস্তবায়ন বোর্ড সংরক্ষণ করে।

পরিশিষ্ট।- স্বেচ্ছাসেবকের শপথ গ্রহণ:

ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি) তে স্বেচ্ছাসেবক হিসেবে অন্তর্ভুক্ত হবার পর:

(১) সকল স্বেচ্ছাসেবককে শপথ পাঠপূর্বক নিজ স্বাক্ষর প্রদান করতে হবে।

(২) শপথের প্রতিটি শব্দ, বাক্য ও মর্মার্থের প্রতি অকুণ্ঠ শ্রদ্ধা ও প্রতিপালনের অঙ্গীকার করতে হবে।

(৩) শপথ বাক্য:

আমি ..... পিতা/স্বামী: ..... মাতা: ..... গ্রাম: ..... ওয়ার্ড:..... ইউনিয়ন:..... উপজেলা:..... জেলা:..... ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির (সিপিপি) একজন স্বেচ্ছাসেবক হিসেবে মনোনীত হয়ে এ মর্মে শপথ করছি যে, আমার উপর অর্পিত সকল দায়িত্ব এবং কর্তব্য যথাযথভাবে পালন করবো।

আমি ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির (সিপিপি) স্বেচ্ছাসেবক হিসেবে দুর্যোগ ব্যবস্থাপনা আইন ২০১২, দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলি, দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত বিভিন্ন নীতিমালা ও নির্দেশিকা, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির ৭ টি মূলনীতি- মানবতা, পক্ষপাতহীনতা, নিরপেক্ষতা, স্বাধীনতা, স্বেচ্ছামূলক সেবা, একতা ও সার্বজনীনতা ইত্যাদি প্রতিপালন করবো।

'সিপিপি স্বেচ্ছাসেবক নির্দেশিকা' আমার কর্মের নির্দেশিকা হিসাবে গণ্য হবে এবং আমি এর প্রতিটি অনুচ্ছেদ ও উপ-অনুচ্ছেদের নির্দেশনা অনুসারে নিজ দায়িত্ব ও কর্তব্য পালন করবো।

আমি, কখনো ভয় বা বিরাগের বশবর্তী হয়ে এমন কোনো কাজ বা আচরণ করবো না যাতে ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির মর্যাদা ক্ষুণ্ন হয় এবং ব্যক্তি ও জনসাধারণের ক্ষতি সাধিত হয়।

প্রার্থনা করি, আমি যেন আমার প্রতিজ্ঞাকে সমুন্নত রাখতে পারি। মহান সৃষ্টিকর্তা আমাকে সে সামর্থ্য প্রদান করুন।

স্বাক্ষর ----------:

তারিখ: ----------

নাম ----------:

ইউনিট ----------:

পদবী ----------:

ইউনিয়ন----------:

উপজেলা----------:

জেলা ----------: